

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৩৭

১/ বিবিধ

আরবী

من أعان ظالما سلطه الله عليه

موضوع

رواه أبو حفص الكتاني في " جزء من حديثه " (141 - 142) : حدثنا أبو سعيد (هو الحسن بن علي العدوي) : أخبرنا سعيد بن عبد الجبار الكرابيسي أبو عثمان: أخبرنا حماد ابن سلمة عن عاصم عن زر عن عبد الله مرفوعا. قلت: وهذا إسناد موضوع، رجاله كلهم ثقات غير العدوي هذا وهو كذاب، فهو آفته، قال ابن عدي: " يضع الحديث، وعامة ما حدث به - إلا القليل - موضوعات، وكنا نتهمه بل نتيقن أنه هو الذي وضعها ". والحديث سود به السيوطي " جامعه الصغير"! وقد عزاه لابن عساكر وحده، وقد تعقبه المناوي بأن فيه العدوي المذكور، قال: " قال السخاوي: هو متهم بالوضع فهو آفته ". وقصر الحافظ ابن كثير فأورده في " التفسير " (2 / 176) من طريق سعيد بن عبد الجبار الكرابيسي.. إلخ، وكان الأولى به، بل الواجب عليه أن يقول: من طريق الحسن بن علي العدوي.. إلخ، حتى يتبين للباحث حقيقة إسناده، وأن لا يحذف منه ما يدل على وضعه، ولا يشفع له ما صنع قوله عقب الحديث: " وهذا حديث غريب ". فإنه لا يكشف به عن وضعه لدى عامة القراء، بل وبعض الخاصة أيضا، ولذلك اغتر به مختصره الصابوني فأورد كلام ابن كثير هذا في حاشية كتابه (1 / 619) ولم يزد! ولا حقق في سنده، وأنى له ذلك! وكل أحاديث مختصره هكذا: ينقل كلام ابن كثير من " تفسيره " فيجعله هو في حاشية "

مختصره "موهما القراء أنه من تخريجه! فالله المستعان

বাংলা

১৯৩৭। যে অত্যাচারীকে সহযোগিতা করবে আল্লাহ তা'য়ালার তাকেই তার বিপক্ষে নিয়োজিত করবেন।

হাদীসটি বানোয়াট।

এটিকে আবু হাফস কাত্তানী "জুযউন মিন হাদীসহি" গ্রন্থে (১৪১-১৪২) আবু সাঈদ (তিনি হচ্ছেন হাসান ইবনু আলী আদাবী) হতে, তিনি সাঈদ ইবনু আব্দুল জাব্বার কারাবীসী আবু উসমান হতে, তিনি হাম্মাদ ইবনু সালামাহ হতে, তিনি আসেম হতে, তিনি যির হতে, তিনি আবদুল্লাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। আদাবী ছাড়া সকল বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। এ আদাবী বড়ই মিথ্যুক। তিনিই হাদীসটির সমস্যা। ইবনু আদী বলেনঃ তিনি হাদীস জালকারী। তার অধিকাংশ হাদীস (সামান্য কিছু বাদে) বানোয়াট। আমরা তাকে দোষী করতাম অতঃপর একীনের সাথে জেনে যেতাম যে, তিনিই সেগুলো জাল করেছেন।

সুযুতী হাদীসটিকে "আলজামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করে গ্রন্থটিকে কালিমালিগু করেছেন। তিনি শুধুমাত্র ইবনু আসাকিরের উদ্ধৃতি দিয়েছেন। আর মানবী আদাবীর বিষয়টি উল্লেখ করে তার সমালোচনা করে বলেছেনঃ সাখাবী বলেনঃ তিনি জাল করার দোষে দোষী। তিনিই হাদীসটির সমস্যা।

হাফিয ইবনু কাসীর স্বীয় "তাফসীর" গ্রন্থে (২/১৭৬) শুধুমাত্র হাদীসটি গারীব বলে কম বলেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72820>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন